গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট শাখা
www.dpdc.gov.bd

নম্বর ২৭.৮৭.০০০০.১০৬.০৬.০০১.২০.৭৮

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮
০৭ জুন ২০২১

সার্কুলার

ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের ৩০৫তম সভার আলোচ্যসূচি-৯ এর সিদ্ধান্ত নিম্নরূপঃ

*"ক। "ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি নীতিমালা, ২০২১" অনুমোদন প্রদান করা হয়।*
*খ। নিলাম নীতিমালা অনুমোদনের মুহূর্তে প্রক্রিয়াধীন নিলামসমূহের ইতিমধ্যে সম্পন্নকৃত প্রক্রিয়া ব্যতীত পরবর্তী প্রক্রিয়াসমূহ অত্র নিলাম নীতিমালা অনুযায়ী সম্পাদনের অনুমোদন প্রদান করা হয়।"*

ডিপিডিসি'র সকল দপ্তরকে উক্ত সিদ্ধান্ত অবগত করা হলো এবং অনুমোদিত নীতিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হলো।

নিলাম নীতিমালাটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো এবং ডিপিডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হলো। এছাড়া, নিলাম নীতিমালাটি ডিপিডিসি'র অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ"ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি নীতিমালা।"

৯-৬-২০২১
মোঃ আসাদুজ্জামান
কোম্পানি সচিব, ডিপিডিসি
ফোন: ৯৫৭০০৬৬
ইমেইল: cs@dpdc.org.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) ডিপিডিসি'র সকল দপ্তর প্রধান।
২) অফিস কপি/ মাস্টার ফাইল।

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ** এ নীতিমালা "ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

২। **পরিধিঃ** এ নীতিমালা ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এবং এর আওতাধীন এলাকার ডিপিডিসি'র মালিকানাধীন বৈদ্যুতিক সরঞ্জাম, যানবাহন, আসবাবপত্র, কম্পিউটার-প্রিন্টার, ফটোকপিয়ার মেশিন, অন্যান্য যন্ত্রপাতি ও উপকরণ, ভবন, গাছ এবং ক্ষেত্রমত, অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী অন্যান্য মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। **অনুসৃতব্য প্রক্রিয়া ও কার্যাবলিঃ**

৩.১) সংশ্লিষ্ট দপ্তর (স্থানীয়/কেন্দ্রীয়), নিলামযোগ্য মালামাল এর বিবরণী প্রণয়ন করে সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের মাধ্যমে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি এর আহ্বায়ক বরাবর প্রেরণ করবেন।

৩.২) সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটি নিলামযোগ্য মালামাল সরেজমিন পরিদর্শনপূর্বক সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্যসহ কারিগরি প্রতিবেদন প্রণয়ন করবেন।

৩.৩) সংশ্লিষ্ট দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশ সম্বলিত প্রতিবেদন অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর নিলামকারী দপ্তর তা উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে। উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতি বলতে ই-অকশন/ ম্যানুয়াল অকশন বুঝাবে।

৩.৪) নিলাম দরপ্রস্তাব সমূহ ডিপিডিসি'র মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়নের পর সুপারিশকৃত সর্বোচ্চ দরদাতার অনুকূলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA) প্রদান করতে হবে।

৩.৫) বিজয়ী দরদাতা NOA এ নির্ধারিত অর্থ জমা প্রদানের পর নিলামকারী দপ্তর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ডেলিভারি কমিটির দপ্তরাদেশ ও ডেলিভারি অর্ডার জারি করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট অকেজো ঘোষণাকরণ কমিটির ন্যূনতম ২ (দুই) জন সদস্যকে ডেলিভারি কমিটি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৪। **মোটরযান/যানবাহন সংক্রান্ত বিধান:**

৪.১) **মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:**

৪.১.১) মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তর নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ছক-ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে উপ-মহাব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তরে প্রেরণ করবে। উপ-মহাব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তর বিভিন্ন দপ্তর হতে এ জাতীয় গাড়ির তথ্য পাওয়ার পর মোটরযানের বিস্তারিত বিবরণ ও সংশ্লিষ্ট কাগজ পত্রসহ সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের মাধ্যমে "মোটরযান/যানবাহন সংক্রান্ত অকেজো ঘোষণাকরণ কমিটি" কে সরেজমিন মোটরযান পরিদর্শন পূর্বক মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক কী-না তা যাচাই-বাছাই ও সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্যসহ কারিগরি মতামত প্রদানের জন্য অনুরোধ করবে।

৪.১.২) সংশ্লিষ্ট "অকেজো ঘোষণাকরণ কমিটি" সরেজমিনে মোটরযান পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হলে মেরামতের অযোগ্যতার বিষয়ে নির্ধারিত ছকে

(পরিশিষ্ট-ক-২) সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য নির্ধারণ করে কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে উপ-মহাব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তরে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে না পারলে বিলম্বের কারণ উল্লেখ করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করতে হবে।

**৪.২) মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক:**

৪.২.১) ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হয়ে পড়েছে এরূপ মোটরযান;

৪.২.২) মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হয়ে গেছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ মোটরযান;

৪.২.৩) মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করতে যে সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ মোটরযান;

৪.২.৪) দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ মোটরযান;

৪.২.৫) দূর্ঘটনায় ক্ষতিগ্রস্থ মোটরযানের কাঠামো দুমড়ে/মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ মোটরযান;

৪.২.৬) যে গাড়ি মারাত্মক ত্রুটি বা বড় ধরনের গলদের জন্য রাস্তায় চালানো বিপদজনক বা চলাচলে অনুপযোগী হয়ে পড়েছে এরূপ মোটরযান;

৪.২.৭) স্বাভাবিক ক্ষেত্রে ন্যূনতম ১০ (দশ) বছরের অধিক চলাচল করেছে এরূপ যানবাহন।

**৪.৩) মোটরযান/যানবাহন অকেজো ঘোষণাকরণ কমিটি (Condemnation Committee) :**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ডিপিডিসি | - | সভাপতি |
| (খ) | উপ-মহাব্যবস্থাপক (অর্থ), এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং, ডিপিডিসি | - | সদস্য |
| (গ) | নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক পদমর্যাদার বিদ্যুৎ বিতরণকারী/ সঞ্চালন সংস্থার একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | - | সদস্য |
| (ঘ) | নির্বাহী প্রকৌশলী, চুক্তি ও ক্রয় সার্কেল এর দপ্তর, ডিপিডিসি | - | সদস্য |
| (ঙ) | ব্যবস্থাপক (অর্থ), ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স দপ্তর, ডিপিডিসি | - | সদস্য |
| (চ) | বিআরটিএ এর একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | - | সদস্য |
| (ছ) | ব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোট দপ্তর, ডিপিডিসি | - | সদস্য-সচিব |

৪.৩.১) মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ন্যূনতম ৫ জন সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। তন্মধ্যে বহিঃসংস্থার প্রতিনিধি অর্থাৎ (গ) নং ক্রমিকের সদস্য এবং (চ) নং ক্রমিকের সদস্যগণকে অবশ্যই উপস্থিত থাকতে হবে;

৪.৩.২) অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন অনুযায়ী অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত (Co-opt) করতে পারবেন।

৪.৩.৩) সংশ্লিষ্ট দপ্তর কাজের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম ও পদবী উল্লেখপূর্বক কমিটি গঠন করবে।

### ৪.৪) অকেজো ঘোষিত মোটরযান নিস্পত্তি প্রক্রিয়া:

৪.৪.১) কোন মোটরযান এবং আনুষঙ্গিক মালামাল অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ পাওয়ার পর উপ-মহাব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তর অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর নিলামে বিক্রয়ের জন্য উপ-মহাব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ, কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের কাগজপত্র ও মালামালের মূল্য তালিকা নিলামকারী দপ্তরে প্রেরণ করবেন। নিলামকারী দপ্তর তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য যে, অকেজো ঘোষিত মালামাল উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় নিলামের বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে নিরাপত্তা জামানত হিসাবে নির্ধারিত অর্থ জমা প্রদান করবে।

৪.৪.২) দরপত্র প্রাপ্তির পর নিলামকারী দপ্তর দরপত্রগুলি দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করবে। কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে সুপারিশ নিলামকারী দপ্তর এর নিকট উপস্থাপন করবে। পরবর্তীতে, নিলামকারী দপ্তর দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবে। মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুমোদিত হওয়ার পর নিলামকারী দপ্তর বিজয়ী দরদাতার অনুকূলে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA) প্রদান করবেন। বিজয়ী দরদাতা NOA এ নির্ধারিত অর্থ জমা প্রদানের পর নিলামকারী দপ্তর নিলামকৃত মালামাল সরবরাহের জন্য ডেলিভারি কমিটি গঠন করে অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পর নিলামকারী দপ্তর ডেলিভারি কমিটির দপ্তরাদেশ ও ডেলিভারি অর্ডার জারি করবেন। এক্ষেত্রে অকেজো ঘোষণাকরণ কমিটির ন্যূনতম ২ (দুই) জন সদস্যকে ডেলিভারি কমিটি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৪.৪.৩) ডেলিভারি কমিটি সঠিক পরিমাণ মালামাল কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে হস্তান্তর ও ছাড়পত্র প্রদান করবেন। সঠিক পরিমাণ মালামাল হস্তান্তরের পর নিলামকারী দপ্তর এর নিকট একটি প্রতিবেদন দাখিল করবেন।

## ৫। বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে অব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ সংক্রান্ত বিধান:

### ৫.১) বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:

৫.১.১) সংশ্লিষ্ট দপ্তর মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত ট্রান্সফরমার, ট্রান্সফরমার ওয়েল, ক্যাবল, কন্ডাক্টর, সুপার এনামেল কপার ওয়্যার, এনার্জি মিটার, সার্কিট ব্রেকার, আইসুলেটর, সুইচগিয়ার, আরএমইউ, ড্রপ আউট ফিউজ, লাইটিং এ্যারেস্টার, এমসিসিবি, সিটি, পিটি, মেশিনারিজ, হার্ডওয়্যার মালামাল এবং উপকেন্দ্রে ও ভূগর্ভস্থ ও ওভারহেড লাইনে ব্যবহৃত সকল ধরণের মালামাল, প্যাকিং মেটেরিয়াল, মিটার সিল, নির্মাণ সামগ্রী, পোল ও পোল ফিটিংসসহ লাইন ও লাইন নির্মাণ সংক্রান্ত সকল মালামাল সম্পর্কে নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-খ), কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-গ) এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ এর ক্ষেত্রে নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-ঘ) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে অকেজো ঘোষণাকল্পে গঠিত নির্ধারিত অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.১.২) সংশ্লিষ্ট দপ্তর এ জাতীয় মালামালের তথ্য নির্ধারিত ছকে পূরণ করার পর সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের মাধ্যমে বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে অব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ সংক্রান্ত "অকেজো ঘোষণাকরণ কমিটি" কে সরেজমিন পরিদর্শন পূর্বক মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক কী-না তা যাচাই ও সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্যসহ কারিগরি মতামত প্রদানের জন্য অনুরোধ করবে।

৫.১.৩) সংশ্লিষ্ট "অকেজো ঘোষণাকরণ কমিটি" সরেজমিনে মালামাল পরিদর্শন পূর্বক উল্লিখিত মালামাল মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হলে মেরামতের অযোগ্যতার বিষয়ে নির্ধারিত ছকে (ক্ষেত্রমত পরিশিষ্ট-খ-১, পরিশিষ্ট-গ-১, পরিশিষ্ট-ঘ-১) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে সংশ্লিষ্ট দপ্তরে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করতে হবে।

৫.২) **বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ অকেজো ঘোষণার নির্ণয়ক:**

৫.২.১) দীর্ঘ সময় ধরে ব্যবহারের ফলে মেরামতের অযোগ্য হয়ে পড়েছে এরূপ মালামাল;

৫.২.২) ঘন ঘন মেরামত করতে হয়/মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হয়ে পড়েছে এরূপ মালামাল;

৫.২.৩) যে সকল মালামাল বা যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, প্রযুক্তির উৎকর্ষের দরুণ যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গেছে এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.২.৪) মেরামতযোগ্য হলেও তা নির্ভরযোগ্য বা নিরাপদ হবে না এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.২.৫) যে সব মালামাল মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহার উপযোগী করতে অনুরূপ মালামালের বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.২.৬) কোন বড় ধরনের ত্রুটির জন্য কর্মক্ষমতা হ্রাস পেয়েছে এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.২.৭) যে সকল মালামাল বা যন্ত্রপাতি ত্রুটিজনিত কারণে বৈদ্যুতিক লাইনে বা সাব-স্টেশনে বা স্থাপনায় ব্যবহার করা হলে ক্ষতি হওয়ার সম্ভবনা রয়েছে এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.২.৮) কারিগরি বিবেচনায় যে সকল মালামাল বা যন্ত্রপাতি ব্যবহারযোগ্য নয় এরূপ মালামাল বা যন্ত্রপাতি;

৫.৩) **বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ অকেজো ঘোষণাকরণ কমিটি**

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ডিপিডিসি | - | সভাপতি |
| (খ) | উপ-মহাব্যবস্থাপক (অর্থ), এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং, ডিপিডিসি | - | সদস্য |
| (গ) | নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক পদমর্যাদার বিদ্যুৎ বিতরণকারী/ সঞ্চালনকারী সংস্থার একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | সদস্য |
| (ঘ) | নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক পদমর্যাদার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | সদস্য |
| (ঙ) | নির্বাহী প্রকৌশলী, চুক্তি ও ক্রয় সার্কেল দপ্তর, ডিপিডিসি | - | সদস্য |
| (চ) | ব্যবস্থাপক (অর্থ), ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স দপ্তর, ডিপিডিসি | - | সদস্য |
| (ছ) | সংশ্লিষ্ট স্টোর/দপ্তরের নির্বাহী প্রকৌশলী | - | সদস্য-সচিব |

৫.৩.১) বৈদ্যুতিক সরঞ্জাম ও সংশ্লিষ্ট আনুষঙ্গিক মালামালের ক্ষেত্রে কমিটির সভায় ন্যূনতম ৫ জন সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। তন্মধ্যে বহিঃসংস্থার প্রতিনিধি অর্থাৎ (গ) নং ক্রমিকের সদস্য এবং (ঘ) নং ক্রমিকের সদস্যগণকে অবশ্যই উপস্থিত থাকতে হবে;

৫.৩.২) অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন অনুযায়ী অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত (Co-opt) করতে পারবেন।

৫.৩.৩) সংশ্লিষ্ট দপ্তর কাজের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম ও পদবী উল্লেখপূর্বক কমিটি গঠন করবে।

**৫.৪ অকেজো ঘোষিত বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ নিস্পত্তি প্রক্রিয়া:**

৫.৪.১) কোন বৈদ্যুতিক সরঞ্জাম ও যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ পাওয়ার পর সংশ্লিষ্ট দপ্তর অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্ক্ষৃপক্ষের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর নিলামে বিক্রয়ের জন্য সংশ্লিষ্ট দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ, কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের কাগজপত্র ও মালামালের মূল্য তালিকা নিলামকারী দপ্তরে প্রেরণ করবেন। নিলামকারী দপ্তর তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য যে, অকেজো ঘোষিত মালামাল উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় নিলামের বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে নিরাপত্তা জামানত হিসাবে নির্ধারিত অর্থ জমা প্রদান করবে।

৫.৪.২) দরপত্র প্রাপ্তির পর নিলামকারী দপ্তর দরপত্রগুলি দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করবে। কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে সুপারিশ নিলামকারী দপ্তর এর নিকট উপস্থাপন করবে। পরবর্তীতে, নিলামকারী দপ্তর দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবে। মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুমোদিত হওয়ার পর নিলামকারী দপ্তর বিজয়ী দরদাতার অনুকূলে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA) প্রদান করবেন। বিজয়ী দরদাতা NOA এ নির্ধারিত অর্থ জমা প্রদানের পর নিলামকারী দপ্তর নিলামকৃত মালামাল সরবরাহের জন্য ডেলিভারি কমিটি গঠন করে অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পর নিলামকারী দপ্তর ডেলিভারি কমিটির দপ্তরাদেশ ও ডেলিভারি অর্ডার জারি করবেন। এক্ষেত্রে অকেজো ঘোষণাকরণ কমিটির ন্যূনতম ২ (দুই) জন সদস্যকে ডেলিভারি কমিটি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৫.৪.৩) ডেলিভারি কমিটি সঠিক পরিমাণ মালামাল কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে হস্তান্তর ও ছাড়পত্র প্রদান করবেন। সঠিক পরিমাণ মালামাল হস্তান্তরের পর নিলামকারী দপ্তর এর নিকট একটি প্রতিবেদন দাখিল করবেন।

৬। **স্পট অকশন বা সরেজমিনে নিলাম বা ধ্বংসকরণ সংক্রান্ত বিধান :**

৬.১ : এস.পি.সি পোল, পুরাতন পেপার, কাগজপত্র, ভাঙ্গা চেয়ার-টেবিল এবং এমন মালামাল যা পরিবহন করে স্টোরে নিয়ে সংরক্ষণ করে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নিলাম করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের শ্রমের মূল্য, লেবার খরচ, পরিবহন ব্যয়, মূল্যায়ন কমিটির সম্মানি ও নিলাম প্রক্রিয়ায় যে ব্যয় হবে নিলাম মূল্য তার চেয়ে কম পাওয়ার সম্ভাবনা থাকলে সে মালামাল ক্ষেত্র বিশেষে স্পট অকশন, সরেজমিনে নিলাম বা নিয়মানুযায়ী ধ্বংস করতে হবে।

৬.২: সংশ্লিষ্ট দপ্তর অনুচ্ছেদ-৬.১ এ বর্ণিত মালামাল/যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য ব্যবস্থাপনা

পরিচালকের অনুমোদনক্রমে অনুচ্ছেদ ৫.৩ এ বর্ণিত বৈদ্যুতিক সরঞ্জাম ও মালামাল, কম্পিউটার এবং অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণ অকেজো ঘোষণাকরণ কমিটি হতে ন্যূনতম ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অকেজো ঘোষণাকরণ কমিটি গঠন করবে। অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক বর্ণিত মালামাল স্পট অকশন বা সরেজমিনে নিলামযোগ্য বা ধ্বংসযোগ্য ঘোষিত হলে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট দপ্তর স্পট অকশন বা সরেজমিনে নিলাম বা ধ্বংসকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৩: অনুচ্ছেদ-৬.১ ও ৬.২ এ বর্ণিত মালামাল/যন্ত্রপাতি স্পট অকশন বা সরেজমিনে নিলাম বা ধ্বংসকরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি স্পট অকশন বা সরেজমিনে নিলাম বা ধ্বংসকরণ কমিটি গঠন করবে। এক্ষেত্রে অকেজো ঘোষণাকরণ কমিটির ন্যূনতম ২ (দুই) জন সদস্যকে ডেলিভারি কমিটি'তে অন্তর্ভুক্ত করতে হবে।

৬.৪: অনুচ্ছেদ-৬.৪ এ বর্ণিত কমিটি সংশ্লিষ্ট দপ্তরের সহায়তায় স্পট অকশন বা সরেজমিনে নিলাম বা ধ্বংসকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৫: সংশ্লিষ্ট কমিটি মালামালের ধরণ বিবেচনা করে ধ্বংসকরণের নিমিত্তে ঐ মালামালের জন্য যেটি সবচেয়ে বিজ্ঞান সম্মত, বাস্তব, অর্থ সাশ্রয়ী ও নিরাপদ প্রতীয়মান হবে সেই পদ্ধতি যথা- আগুনে পুড়িয়ে ফেলা (পরিবেশের জন্য ক্ষতিকর মনে না হলে ও আগুন ছড়িয়ে না যায় এমন অবস্থা করে বা গর্ত করে পুড়িয়ে ফেলা) বা মাটি গর্ত করে পুতে ফেলা যেতে পারে।

৬.৬: সংশ্লিষ্ট দপ্তর নিজেদের নোটিশ বোর্ড ও মাইকিং এর মাধ্যমে নিলামের বিষয়টি প্রচার করবেন। কমিটি নির্দিষ্ট দিনে নিলামে আগ্রহী সকল দরদাতাদের উপস্থিতিতে লিখিত দরপ্রস্তাব গ্রহণ করবেন এবং সর্বোচ্চ দরদাতাকে বিজয়ী ঘোষণা করবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রকাশ্য নিলামে অংশগ্রহণকারী দরদাতাদের হাজিরা সংরক্ষণ করবেন।

৭। **<u>গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত বিধান:</u>**

৭.১) পুরাতন স্থাপনা অপসারণ বা নতুন স্থাপনা নির্মাণ এর জন্য গাছ কর্তন করার প্রয়োজন হলে বা কোন কারণে গাছ মরে গেলে বা ভেঙ্গে পড়লে উক্ত গাছ নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করে প্রাথমিক মূল্য নির্ধারণ এবং প্রকাশ্য নিলাম প্রক্রিয়ার মাধ্যমে বিক্রয়/নিলাম করা যেতে পারে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | সংশ্লিষ্ট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি | - | সভাপতি |
| (খ) | নির্বাহী প্রকৌশলী, সিভিল মেইনটেন্যান্স, ডিপিডিসি | - | সদস্য |
| (গ) | ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স দপ্তরের ন্যূনতম সহকারী ব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা, ডিপিডিসি | - | সদস্য |
| (ঘ) | এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং দপ্তরের ন্যূনতম সহকারী ব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা, ডিপিডিসি | - | সদস্য |
| (ঙ) | পরিবেশ অধিঃদপ্তরের একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | সদস্য |
| (চ) | বন বিভাগের একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | সদস্য |
| (ছ) | সংশ্লিষ্ট দপ্তরের ন্যূনতম সহকারী প্রকৌশলী/সহকারী ব্যবস্থাপক পদমর্যাদার একজন কর্মকর্তা, ডিপিডিসি | - | সদস্য-সচিব |

৭.১.১) কমিটির সভায় ন্যূনতম ৫ জন সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। তন্মধ্যে (চ) নং ক্রমিকের সদস্যকে অবশ্যই উপস্থিত থাকতে হবে;

৭.১.২) অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন অনুযায়ী অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত (Co-opt) করতে পারবেন।

৭.১.৩) সংশ্লিষ্ট দপ্তর কাজের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম ও পদবী উল্লেখপূর্বক কমিটি গঠন করবে।

৭.১.৪) অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন গ্রহণের পর বর্ণিত কমিটি প্রকাশ্য নিলাম প্রক্রিয়ার মাধ্যমে গাছ বিক্রয় করতে পারবেন। অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক নির্ধারিত সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য এক লক্ষ টাকা বা তার বেশি হলে জাতীয় দৈনিক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন। অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক নির্ধারিত সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য এক লক্ষ টাকা বা তার কম হলে সংশ্লিষ্ট দপ্তর নিজেদের নোটিশ বোর্ড ও মাইকিং এর মাধ্যমে নিলামের বিষয়টি প্রচার করবেন। কমিটি নির্দিষ্ট দিনে নিলামে আগ্রহী সকল দরদাতাদের উপস্থিতিতে লিখিত দরপ্রস্তাব গ্রহণ করবেন এবং সর্বোচ্চ দরদাতাকে বিজয়ী ঘোষণা করবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রকাশ্য নিলামে অংশগ্রহণকারী দরদাতাদের হাজিরা সংরক্ষণ করবেন। প্রকাশ্য বিক্রয়মূল্য অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট দপ্তর তা বিক্রয় করতে পারবে।

৮। **<u>পুরাতন ভবন সংক্রান্ত বিধানঃ</u>**

ভবন ব্যবহার অযোগ্য কিংবা পরিত্যক্ত হলে বা পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণের প্রয়োজন হলে তা ভেঙ্গে ফেলার বা ধ্বংস করার প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী, সিভিল মেইনটেন্যান্স, ডিপিডিসি দপ্তর কর্তৃক প্রাথমিক সম্ভাব্যতা যাচাই পূর্বক পুরাতন ভবন সংক্রান্ত অকেজো ঘোষণাকরণ কমিটি গঠনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ভবন ব্যবহার অযোগ্য কিংবা পরিত্যক্ত ঘোষণার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে অকেজো ঘোষণাকরণ কমিটি গঠন করা যেতে পারে :

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রধান প্রকৌশলী, ডেভেলপমেন্ট, ডিপিডিসি | - | সভাপতি |
| (খ) | উপ-মহাব্যবস্থাপক (অর্থ), এসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং দপ্তর, ডিপিডিসি | - | সদস্য |
| (গ) | ব্যবস্থাপক (অর্থ), ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স, ডিপিডিসি | - | সদস্য |
| (ঘ) | ব্যবস্থাপক (এইচআর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট, ডিপিডিসি | - | সদস্য |
| (ঙ) | গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | সদস্য |
| (চ) | শিক্ষা প্রকৌশল/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের একজন প্রতিনিধি (বহিঃসংস্থার প্রতিনিধি) | | |
| (ছ) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস, ডিপিডিসি | - | সদস্য-সচিব |

৮.১) কমিটির সভায় ন্যূনতম ৫ জন সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। তন্মধ্যে (ঙ) নং ক্রমিকের সদস্যকে অবশ্যই উপস্থিত থাকতে হবে;

৮.২) অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন অনুযায়ী অন্য যে কোন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভূক্ত (Co-opt) করতে পারবেন।

৮.৩) সংশ্লিষ্ট দপ্তর কাজের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্বতন্ত্রভাবে অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম ও পদবী উল্লেখপূর্বক কমিটি গঠন করবে।

৮.৪) অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক প্রাথমিক মূল্য নির্ধারণের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের মূল্য ও বাজার মূল্যকে বিবেচনায় নিয়ে প্রাথমিক মূল্য নির্ধারণ করতে হবে।

৮.৫) অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ পাওয়ার পর নির্বাহী প্রকৌশলী, সিভিল মেইনটেন্যান্স দপ্তর সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের মাধ্যমে অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর নিলামে বিক্রয়ের জন্য নির্বাহী প্রকৌশলী, সিভিল মেইনটেন্যান্স দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ, কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনের কাগজপত্র ও মালামালের মূল্য তালিকা নিলামকারী দপ্তরে প্রেরণ করবেন। নিলামকারী দপ্তর তা উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য যে, অকেজো ঘোষিত মালামাল উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদ্ধতিতে বিক্রয়ের নিমিত্তে ১টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় নিলামের বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে নিরাপত্তা জামানত হিসাবে নির্ধারিত অর্থ জমা প্রদান করবে।

৮.৬) দরপত্র প্রাপ্তির পর নিলামকারী দপ্তর দরপত্রগুলি দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করবে। কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে সুপারিশ নিলামকারী দপ্তর এর নিকট উপস্থাপন করবে। পরবর্তীতে, নিলামকারী দপ্তর দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবে। মূল্যায়ন কমিটির প্রতিবেদন অনুমোদিত হওয়ার পর নিলামকারী দপ্তর বিজয়ী দরদাতার অনুকূলে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA) প্রদান করবেন। বিজয়ী দরদাতা NOA এ নির্ধারিত অর্থ জমা প্রদানের পর নিলামকারী দপ্তর নিলামকৃত মালামাল সরবরাহের জন্য ডেলিভারি কমিটি গঠন করে অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রেরণ করবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পর নিলামকারী দপ্তর ডেলিভারি কমিটির দপ্তরাদেশ ও ডেলিভারি অর্ডার জারি করবেন। এক্ষেত্রে অকেজো ঘোষণাকরণ কমিটির ন্যূনতম ২ (দুই) জন সদস্যকে ডেলিভারি কমিটি'তে অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, ডেলিভারি কমিটি সংশ্লিষ্ট ভবনে সংযোগ প্রদানকারী ইউটিলিটি সংস্থা সমূহের সহযোগিতায় ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।

৮.৭) ডেলিভারি কমিটি সঠিক পরিমাণ মালামাল কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে হস্তান্তর ও ছাড়পত্র প্রদান করবেন। সঠিক পরিমাণ মালামাল হস্তান্তরের পর নিলামকারী দপ্তর এর নিকট একটি প্রতিবেদন দাখিল করবেন।

## ৯। স্বল্প মূল্যের নিলাম সংক্রান্ত বিধানঃ

অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক নির্ধারিত সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য এক লক্ষ টাকা বা তার কম হলে সংশ্লিষ্ট দপ্তর অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে, তিনটি কোটেশন সংগ্রহের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে মালামাল বিক্রি করতে পারবেন।

## ১০। অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ ও সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য এবং নিলামে বিক্রয়ের অনুমোদনকারী কর্তৃপক্ষ:

১০.১) অকেজো ঘোষণাযোগ্য সকল মালামাল অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র সুপারিশ এবং সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য অনুমোদন ক্ষমতা ডিপিডিসি'র আর্থিক ক্ষমতা অর্পণ বিধি অনুযায়ী নির্ধারিত হবে।

**১১।   সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য সংক্রান্ত বিধানঃ**

১১.১) অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নের বিষয়সমূহ বিবেচনায় নিয়ে অন্যান্য অনুচ্ছেদে যা কিছু থাকুক না কেন, যৌক্তিকভাবে সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য নির্ধারণ করবেন।

ক) এসেট ম্যানেজমেন্ট এবং স্টোর ম্যানেজমেন্ট সার্কেল হতে সংগৃহিত বুক ভ্যালু

খ) বর্তমান বাজার মূল্য

গ) ডিপিডিসি ও বিদ্যুৎ বিভাগের আওতাধীন অন্যান্য প্রতিষ্ঠানের সর্বশেষ নিলামে বিক্রয়কৃত সমজাতীয় মালামালের অনুমোদিত বিক্রয় মূল্য

ঘ) প্রযোজ্যক্ষেত্রে London Metal Exchange (LME) বা অনুরূপ অন্যান্য ইনডেক্স হতে প্রাপ্ত অনুমিত দর।

১১.২) অনুচ্ছেদ-১০.১ এ বর্ণিত আর্থিক ক্ষমতা অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যুক্তিসংগত কারণে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণের জন্য অকেজো ঘোষণাকরণ কমিটিকে সুপারিশ করতে পারবেন।

**১২। অকেজো ঘোষণাকরণ কমিটি, মূল্যায়ন কমিটি, ডেলিভারি কমিটি ও সংশ্লিষ্ট অন্যান্য কমিটি'র সম্মানী সংক্রান্ত বিধানঃ**

এই নীতিমালার অধীনে গঠিত কমিটির সদস্যগণ বোর্ড কর্তৃক অনুমোদিত হারে সম্মানী প্রাপ্ত হবেন।

সংযুক্তিঃ পরিশিষ্ট- ক, খ, গ, ঘ।

জনাব মোঃ কাওসার আমীর আলী
ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো লি.
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি
এবং
সদস্য, বোর্ড কমিটি।

জনাব হাফিজ আহমেদ চৌধুরী
যুগ্ম-সচিব, ড্রাফটিং, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি
এবং
সদস্য, বোর্ড কমিটি।

জনাব এ. টি. এম. মোস্তফা কামাল
যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি
এবং
সদস্য, বোর্ড কমিটি।

বেগম আরফিন আরা বেগম
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ, ডিপিডিসি
এবং
আহবায়ক, বোর্ড কমিটি।

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

**মোটরযান অকেজো ঘোষণাকল্পে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী ঃ-**

০১। (ক) রেজিঃ নং ---------------------------------------------- (খ) নির্মাতা ------------------------------------------
(গ) গাড়ীর ধরন ------------------------------------------ (ঘ) প্রস্তুতকাল ------------------------------------------
(ঙ) চেসিস নং ------------------------------------------ মডেল ------------------------------------------
(চ) ইঞ্জিন নং ------------------------------------------ মডেল ------------------------------------------
(ছ) ইঞ্জিনঃ পেট্রোল/ডিজেল ------------------------------ (জ) সিলিন্ডারের সংখ্যা ------------------------------
(ঝ) কিলোমিটার প্রতি লিটারে ------------------------------------------

০২। (ক) মোট কত দিন বিকল আছে ------------------------------------------
(খ) বৈকাল্যের কারণ সমূহঃ
(১) ------------------------------------------
(২) ------------------------------------------
(৩) ------------------------------------------

০৩। (ক) মোটরযানটি যেস্থানে বর্তমানে আছেঃ
------------------------------------------
------------------------------------------
------------------------------------------
------------------------------------------

(খ) মোটরযান নিয়ন্ত্রণকারীঃ
নাম ও পদবী ------------------------------------------
অফিস ------------------------------------------
ঠিকানা ------------------------------------------
টেলিফোন নং ------------------------------------------

০৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখঃ- ------------------------------------------

০৫। প্রতিবারের মেজর ইউনিট সমূহের ওভারহলিং এর তারিখ ও মেরামত কাজের খরচ বিস্তারিত বিবরণঃ- --------------------
------------------------------------------

০৬। মোটরযান মোট কত কিঃ মিঃ চলেছে ------------------------------------------
(ক) নতুন অবস্থায় কত কিঃমিঃ চলেছে ------------------------------------------
(খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং-এর পর কত কিঃমিঃ চলেছে ------------------মেরামত খরচ ----------------------টাকা
(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং-এর পর কত কিঃমিঃ চলেছে ----------------মেরামত খরচ ----------------------টাকা
(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং-এর পর কত কিঃমিঃ চলেছে ----------------মেরামত খরচ ----------------------টাকা
(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ------------------------------------------টাকা
(চ) ক্রয়-এর তারিখ হতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ------------------------------------------টাকা

০৭। মোটরযানটি আনুমানিক বর্তমান বাজার মূল্য ------------------------------------------টাকা

০৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি ? ------------------------------------------টাকা

০৯। বর্তমান মেরামত করতে কত টাকা খরচ হতে পারে ------------------------------------------টাকা

১০। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি (প্রয়োজনে আলাদা ভাবে দেওয়া যেতে পারে)

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর<br>স্বাক্ষর ও পদবী | সংশ্লিষ্ট কর্মকর্তার<br>স্বাক্ষর | অফিস প্রধান/ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা<br>স্বাক্ষর (নাম পদবী ও সিল |

পরিশিষ্ট ক-২

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

পরিদর্শনের তারিখ ঃ ------------------------------

**বিষয় ঃ ডিপিডিসি'র মোটরযান অকেজো ঘোষণার জন্য অকেজো ঘোষণাকরণ কমিটি'র প্রতিবেদন।**

রেজিষ্ট্রেশন নং ...................... তৈরীর সন...................... গাড়ির ধরণ ঃ ..............................

মোটরযান চালকের নাম ................................................... চেসিস নং ................................

ইঞ্জিন নং ........................ ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল. সিলিন্ডারের সংখ্যা ............................

বিকল/চালু, প্রতি লিটার কত কিঃ মিঃ ...........................................................................

১। পর্যবেক্ষণ ঃ ....................................................................................................

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মজেল | বর্তমান অবস্থা | সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | **কুলিং সিস্টেম ঃ** | | | |
| | রেডিয়েটর<br>ফ্যান<br>ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | **ফুয়েল সিস্টেম** | | | |
| | ফুয়েল ট্যাংক<br>ফুয়েল পাম্প<br>কার্বোরেটর/এফ,আই,পাম্প<br>ইনজেকটার<br>এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৫ | ইলেট্রিক্যাল সিস্টেম ঃ | | | |
| | ব্যাটারী<br>সেল্ফ ষ্টার্টার<br>অলটারনেটর<br>কার্ট আউট<br>হর্ণ<br>হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | সাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা | সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য (টাকায়) | মন্তব্য |
| ১.৫ | টেইল ও স্টপ ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | ইগনিশান সিস্টেম ঃ | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ.টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | ক্লাচ সিস্টেম ঃ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৮ | স্টিয়ারিং সিস্টেম ঃ | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৯ | ট্রান্সমিশন সিস্টেম ঃ | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | সাসপেনশন সিস্টেম | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মজেল | বর্তমান অবস্থা | সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১১ | চেসিস ফ্রেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিস্টেম<br>হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | বিবিধ ঃ<br>হুইল রিম<br>টায়ার টিউব<br>ড্যাশ বোর্ড<br>বাম্পার<br>বডি/ছাদ/ফ্লোর<br>মাডগার্ড<br>দরজা<br>উইন্ডশিল্ড গ্লাস<br>সিট সমূহ<br>পশ্চাৎ দর্শন আয়না<br>রং | <br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>সম্পূর্ণ/অসম্পূর্ণ<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই<br>কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৪ | অন্যান্য (যদি থাকে) | | | |
| | | মোট আনুমানিক মূল্য ঃ | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য ঃ ..................................................

৩। মেরামত করতে খরচের পরিমাণ ঃ ..............................................

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য ঃ ..............................................

৫। সুপারিশ ঃ

**অকেজো ঘোষণাকরণ কমিটি'র সদস্যদের স্বাক্ষর, পদবী ও দপ্তরের নাম**

| | | |
|---|---|---|
| | | |
| | | |

পরিশিষ্ট-খ

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

**বৈদ্যুতিক সরঞ্জাম ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকল্পে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী ঃ-**

**দপ্তরের নাম ও ঠিকানাঃ**

**প্রতিবেদনের তারিখ ঃ ......................................**

১। মালামালের বিবরণ /মেশিনের নাম ঃ

২। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ
৪। কত বৎসর ব্যবহৃত হয়েছে ? ঃ
৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ ঃ
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করতে হবে)
৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ
৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ঃ

| ক্র.নং | আইটেম কোড | মালামালের বিবরণ | একক | সংখ্যা | বই মূল্য (বুক ভেল্যু)/নির্ধারিত মূল্য | ব্যবহারযোগ্য/ অব্যবহারযোগ্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

স্টোর কিপারের স্বাক্ষর ও সীল　　স্টোর অফিসারের স্বাক্ষর ও সীল　　দপ্তর প্রধানের স্বাক্ষর ও সীল

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

## বৈদ্যুতিক সরঞ্জাম ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকল্পে গঠিত অকেজো ঘোষণাকরণ কমিটি'র কারিগরি মতামত ঃ-

প্রতিবেদনের তারিখ ঃ ......................................

১। মালামালের বিবরণ /মেশিনের নাম ঃ

২। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ
৪। কত বৎসর ব্যবহৃত হয়েছে ? ঃ
৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করতে হবে) ঃ
৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ
৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ঃ

| ক্র.নং | আইটেম কোড | মালামালের বিবরণ | একক | সংখ্যা | বই মূল্য (বুক ভেলু)/নির্ধারিত মূল্য | সম্ভাব্য বিক্রয় মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

**অকেজো ঘোষণাকরণ কমিটি'র সদস্যদের স্বাক্ষর, পদবী ও দপ্তরের নাম**

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

**অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী**

**(সংশ্লিষ্ট দপ্তর পূরণ করবে)**

**প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাবে।**

**দপ্তর ........................................................ প্রতিবেদনের তারিখ ঃ ...........................**

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ<br>(সর্বশেষ ৫ বৎসর) | ক.<br><br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br><br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয়<br>(সর্বশেষ ৫ বৎসর) | ক.<br><br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br><br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |

১৮

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| **বৈকল্যের কারণ/লক্ষণ** | | |
| **অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি** | | |
| **মন্তব্য** | | |

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর
তারিখ ঃ

দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(নাম, পদবী ও সীল)

**কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি'র মতামত**

(প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করা যাবে)

১। সাধারণ পর্যাবেক্ষণ ঃ

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ ঃ

৩। সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্যঃ

৪। পরিদর্শক দলের মতামত ঃ

অকেজো ঘোষণাকরণ কমিটি'র সদস্যদের স্বাক্ষর, পদবী ও দপ্তরের নাম:

| | | |
|---|---|---|
| | | |
| | | |

পরিশিষ্ট ঘ

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

**অফিস ব্যবহৃত মালামাল অচল/অকেজো ঘোষণাকল্পে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী ঃ**

দপ্তরের নাম ও ঠিকানা:

প্রতিবেদনের তারিখ ঃ ......................................

১। মালামালের বিবরণ /মেশিনের নাম ঃ

২। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ

৪। কত বৎসর ব্যবহৃত হয়েছে ? ঃ

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ ঃ
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করতে হবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ

৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ঃ

প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর

দপ্তর প্রধানের স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট ঘ-১

# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

**অফিস ব্যবহৃত মালামাল অচল/অকেজো ঘোষণাকল্পে অকেজো ঘোষণাকরণ কমিটি কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী ঃ**

দপ্তরের নাম ও ঠিকানা:

প্রতিবেদনের তারিখ ঃ .....................................

১। মালামালের বিবরণ /মেশিনের নাম ঃ

২। (ক) সংগ্রহের উৎস ঃ
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ ঃ
(গ) ক্রয়মূল্য ঃ
৪। কত বৎসর ব্যবহৃত হয়েছে ? ঃ
৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ ঃ
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করতে হবে)
৬। (ক) বিকল হওয়ার তারিখ ঃ
(খ) বিকল হওয়ার কারণ ঃ
৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ঃ

**অকেজো ঘোষণাকরণ কমিটির মন্তব্য (বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য/ প্রাক্কলিত মূল্য ধার্য্য করতে হবে)ঃ**

অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্যদের স্বাক্ষর, পদবী ও দপ্তরের নাম:

| | | |
|---|---|---|
| | | |